

“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি”



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : [www.comillaboard.gov.bd](http://www.comillaboard.gov.bd)



স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি /২০১৯/৪১৯

তারিখ : ০৩/০৩/২০১৯ খ্রিঃ

বিষয় : এসএসসি পরীক্ষা-২০১৯ এর ব্যবহারিক পরীক্ষা, শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের ধারাবাহিক নম্বর অনলাইনে প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে এ বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধান ও এসএসসি পরীক্ষা-২০১৯ এর অনুমোদিত কেন্দ্রের কেন্দ্র সচিবগণকে জানানো যাচ্ছে, এসএসসি পরীক্ষা-২০১৯ এর ব্যবহারিক পরীক্ষা গ্রহণের তারিখ আগামী ০৪/০৩/২০১৯ খ্রি: থেকে ১০/০৩/২০১৯ খ্রি: পর্যন্ত। এনসিটিবি এর নির্দেশনা অনুসারে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের পরীক্ষার্থীদের ধারাবাহিক/ব্যবহারিক মূল্যায়নের মাধ্যমে প্রদত্ত নম্বর এসএসসি পরীক্ষা-২০১৯ এর রোল নম্বর অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষক ও প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষরিত কপি কেন্দ্র সচিবের নিকট প্রেরণ করবেন। কেন্দ্র সচিব কুমিল্লা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে ([www.comillaboard.gov.bd](http://www.comillaboard.gov.bd)) এসএসসি কর্ণারে গিয়ে এসএসসি পরীক্ষা-২০১৯ এর রোল শীট ও হাজিরাপত্র প্রিন্ট করার জন্য প্রদত্ত পাসওয়ার্ড ব্যবহার করে আগামী ১৬/০৩/২০১৯ খ্রি: তারিখের মধ্যে অনলাইনে এন্ট্রি নিশ্চিত করবেন। আগামী ২১/০৩/২০১৯ খ্রি: তারিখের মধ্যে ব্যবহারিক উত্তরপত্র, স্বাক্ষরলিপি এবং অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্র রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে কেন্দ্র সচিবের ফরওয়ার্ডিংসহ পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের মাধ্যমিক শাখায় জমা দিতে হবে।

বিঃদ্র: ১. শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) বিষয়ে ২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের পূর্ণমান: ১০০ এবং ২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের পূর্ণমান: ২৫।

২. ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ে ২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের পূর্ণমান: ৫০ এবং ২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের পূর্ণমান: ২৫।

এছাড়া এসএসসি পরীক্ষা-২০১৯ চলাকালীন যে সকল শিক্ষার্থী বিষয় সংশোধন করেছে ঐ সকল শিক্ষার্থীর সংশ্লিষ্ট বিষয়ের ব্যবহারিক নম্বর অনলাইনে গিয়ে Add Roll অপশন ব্যবহার করে রোল নম্বর এন্ট্রি দিয়ে নম্বর প্রেরণ করতে হবে।

কেন্দ্র সচিব/অধ্যক্ষ/প্রধান শিক্ষক  
এসএসসি পরীক্ষা-২০১৯/মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান।

(ড. মোঃ আসাদুজ্জামান)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা  
ফোন : ০৮১-৭৬১৭২

স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি /২০১৯/৪১৯ (০৫)

তারিখ : ০৩/০৩/২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, কুমিল্লা/ চাঁদপুর/ ব্রাহ্মণবাড়িয়া/নোয়াখালী/লক্ষ্মীপুর/ফেনী
- ২। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এসএসসি পরীক্ষা-২০১৯ এর অনুমোদিত সকল কেন্দ্র
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
- ৫। সংরক্ষণ নথি।

(ড. মোঃ আসাদুজ্জামান)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা  
ফোন : ০৮১-৭৬১৭২